## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।


★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৭ ইংরাজী 25th May. 1960 { ২য় সংখ্যা





সকল ঘরের তরে

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarkar

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১১ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৭ সাল

# দেশের সেবক বেশে দেশের সে বক

—•—

বনবাসকালে রামচন্দ্র পম্পা নদীর তীরে দেখিলেন একটি বক ধীরে ধীরে পা ফেলিয়া জলের দিকে অগ্রসর হইতেছে। রামচন্দ্র মহারাজ দশরথের জ্যেষ্ঠ পুত্র বলিয়া পিতার খুব আদরের সন্তান ছিলেন। বহির্জ্জগতের সঙ্গে তাঁহার সম্বন্ধ কম ছিল। তিনি অত্যন্ত গুণগ্রাহী ছিলেন বলিয়া সকলের গুণই দেখিতেন। অনেকের দোষকেও গুণ বলিয়া গ্রহণ করিতেন। হিংস্র বক আহার অন্বেষণে জলের দিকে অগ্রসর হইতেছে ধীরে ধীরে। পায়ের শব্দ শুনিয়া তাহার শিকার মৎস্য সাবধান হইবে সন্দেহে ধীরে ধীরে নিঃশব্দে যাইতেছে। বকের এই হিংস পদবিক্ষেপকে গুণ বলিয়া গ্রহণ করিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া মুগ্ধ হইয়াছেন। তাঁহার অনুজ লক্ষ্মণ তখন আহার্য্যাদি অন্বেষণে স্থানান্তরে গিয়াছিলেন। তিনি জ্যেষ্ঠের নিকট উপস্থিত হইবামাত্র বকের গুণমুগ্ধ রামচন্দ্র বলিলেন—

শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ
প্রাণীনাং বধ শঙ্কয়া।
পশ্য লক্ষ্মণ পম্পায়াং
বকঃ পরম-ধার্ম্মিকঃ॥

ভাবার্থ—কোন প্রাণী তাহার পায়ের চাপে বধ হইতে পারে—এই ভয়ে আস্তে আস্তে বক তাহার পদবিক্ষেপ করিতেছে—লক্ষ্মণ, পম্পা তীরে পরম ধার্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ রামচন্দ্রের মত পিতার আদরে রাজধানীতেই কালাতিপাত করেন নাই। বহির্জগতের বহু জ্ঞান তিনি অর্জ্জন করিয়াছিলেন।

জ্যেষ্ঠের এই কথা শুনিয়া সসম্মানে তিনি উত্তর দিলেন—

ন জানাসি রাঘব ত্বং
বকঃ পরম-দারুণঃ—
নির্জীব-ভক্ষকো গৃধ্রঃ
সজীব-ভক্ষকো বকঃ।

লক্ষ্মণ বলিলেন—হে রাঘব আপনি জানেন না—বক অতি দারুণ প্রাণী—গৃধ্র (শকুন) নির্জীব প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু বক জীবন্ত প্রাণী ধরিয়া খাইয়া থাকে।

বকের হিংস স্বভাব হইলেও গুণগ্রাহী রামচন্দ্র তাহার ধীর পদবিক্ষেপ দেখিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া ভ্রান্ত ধারণা করিয়াছেন।

এই বক চরিত্রের মানুষ দেশের সেবক সাজিয়া কত প্রাণী বধ করিতেছে তাহার ইয়ত্তা নাই।

দেশের সেবক সাজিয়া দেশবাসীদের মঙ্গল করিবার ছলনা করিয়া সরল প্রাণ ব্যক্তির বিশ্বাস জন্মাইয়া নিজের স্বার্থ সিদ্ধি করিয়াছে ও করিতেছে। মহাত্মা গান্ধীর একান্ত সচিব (সেক্রেটারী) শ্রীনির্ম্মল বসু ও স্বাধীন ভারতের স্বনামধন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মরহুম মৌলানা আবুল কালাম আজাদের লিখিত পরম ধার্ম্মিকের সেবকত্বের মধ্যে সে বকত্ব দেখিয়া চমকিত ও চমৎকৃত হইবেন। মহারাজ দশরথের আদরের জ্যেষ্ঠ পুত্র রামচন্দ্র যেমন হিংস্র জন্তু বকের পরম ধার্ম্মিকত্ব দেখিয়া ভুল করিয়াছিলেন, তেমনি ভারতের স্বাধীনতা প্রয়াসী স্বরাজ্য দলের স্বর্গত মোতীলাল নেহরুর আদরের একমাত্র পুত্র কত আন্তরিক স্বার্থপর বাহ্যিক স্বার্থত্যাগী দেশ সেবকরূপী বককে ধার্ম্মিক জ্ঞানে যে যে সব ভুল করিয়া ভুলকে বজায় রাখার জিদ ধরিয়া মোশ্লেম শাস্ত্রে বর্ণিত এজিদ রাজার মত নিন্দনীয় হইতে চলিয়াছেন ও ভারতের প্রধান মন্ত্রী হইয়াও যে শপথ ভুলিয়া ভুল স্বপথে চলায় ভারতকে যে অবস্থায় আনিয়াছেন তাহাতে ইংরাজ দুই শত বৎসরে যে দুর্গতি দিতে পারে নাই আজ ভারতবাসী পথে ফেলা পাত হইতে কুকুরের সঙ্গে ভাত কুড়াইয়া খাইতেছে। বহু বকরূপী সেবক এর জন্য দায়ী। সেবকবেশী বকগুলি থাকিতে দেশের মঙ্গল নাই।

## মাধ্যমিক বিদ্যালয়গুলির বর্ষারম্ভ

### পুনরায় জানুয়ারী হইতে আরম্ভের প্রস্তাব

পশ্চিম বঙ্গের মাধ্যমিক বিদ্যালয়গুলির 'সেসন' এপ্রিলের পরিবর্ত্তে পুনরায় যাহাতে পূর্ব্বের ন্যায় জানুয়ারী হইতে আরম্ভ হয়, তজ্জন্য পশ্চিম বঙ্গ মাধ্যমিক শিক্ষা বোর্ড যে সকল প্রধান শিক্ষকের মতামত জানিতে চাহিয়াছিলেন তাঁহারা পুনরায় জানুয়ারী হইতেই সেসন আরম্ভের সুপারিশ করিয়াছেন। প্রধান শিক্ষক সমিতি, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি ও পশ্চিম বঙ্গ শিক্ষক সমিতি শিক্ষামন্ত্রীর নিকট এই অভিমত প্রকাশ করিয়াছেন। সত্বর সরকারী সিদ্ধান্ত ঘোষিত হইবে।

## নারীর সহিষ্ণুতা

জন্ম নিয়ে নারী-গর্ভে পুরুষেরা বৃথা গর্ব্বে,
নারীর চেয়ে হ'য়ে উঠে শ্রেষ্ঠ।
নারী ধাত্রী আঁতুর ঘরে, নাড়ী কেটে কোলে করে,
নারীর যত্নেই হন কেষ্ট বেষ্ট।
নারী ভিন্ন ছোয়না অন্নে, জীবন বাঁচে নারীর স্তন্যে,
নারীর জন্যে মরেনা শৈশবে।
এমনি কিন্তু কৃতজ্ঞতা, বড় হ'য়ে ভাব না তা,
বল নারী অকেজো এ ভবে।
বিদ্যার কথা শুন বলি, আগে শিখ "মা মা" বুলি,
তার পরেতে অন্য কথা ফোটে।
পেয়ে পুঁথিগত জ্ঞান, হ'য়ে উঠ জেণ্টল্‌ম্যান,
বল নারীর বুদ্ধি নাইকো মোটে।
বুদ্ধি না থাকিলে মা'র আঁতুরেতেই হ'তে পার,
লম্বা চওড়া বাৎ বলিতে কিসে।
নারীরা সরলা খুব, বেকুবে তাই কয় বেকুব,
'ফুলিস' বলে যত সব ফুলিসে।
কচি ছেলে কাঁকে ধ'রে পিণ্ডি র'াধে রান্নাঘরে,
শাসন কর র'াধতে হলে দেরী।
নেয়ে এসে ধুয়ে হাত, গণ্ডে পিণ্ডে গিল ভাত,
খেয়েই দেখ পান তামাক তৈয়েরী।
ভাব নিজে ভারী শক্ত, মুখ দিয়ে উঠিত রক্ত,
এ সব যদি করতে হ'তো নিজে।
একদিন গিন্নি কাহিল হ'লে, গিলতে যেতে হয় হোটেলে,
না হয় গিলে থাক চিড়ে ভিজে।

নারী ভিন্ন গৃহ কর্ম্ম, চলে না সংসার ধর্ম্ম,
নারী ভিন্ন হয় না বংশ রক্ষে।
তোমরা সব এত আনাড়ী, যদি নাহি থাকত নারী,
সবুযে ফুল দেখতে সবে চক্ষে।
তারপর সংযম গুণে, পুরুষ চেয়ে শতগুণে,
উচ্চ স্থানে স্থান পাইবে নারী।
স্বামী ম'লে কি আশ্চর্য্য, স্ত্রীলোক শিখে ব্রহ্মচর্য্য,
বিপত্নীক ক'জন ব্রহ্মচারী ?
বিধবারা ভোগ বিলাস, যত সুখ অভিলাষ,
একেবারে ত্যাগ করে সব।
স্ত্রী-দেহ রাখি শ্মশানে, স্বামী লোহা খুলে আনে,
বোঝা যায় তখনি মতলব।
সন্তানের হিত বুঝে, চোক, কান, মুখ বুজে
কাটাইয়া অশৌচের মাসটা।
সন্তানের মমতায়, ঘরে আনে বিমাতায়,
দেখায় স্নেহের পরাকাষ্ঠা।
তারপর বাঁধা আর্য্যা, বৃদ্ধস্য তরুণী ভার্য্যা,
ঘুচে যায় হিতাহিত জ্ঞান।
এ পক্ষের ছেলে হ'লে রামায়ণে দেখ খুলে,
কৈকেয়ী-শ্রীরাম উপাখ্যান।
না বুঝে নিজের ভ্রান্তি, সৃষ্টি করে কি অশান্তি,
ডুবে মরে স্বখাদ সাললে।
পুত্র কন্যা হয় পর, ব'লে থাকে তারপর,
মাগী মোর ঘর ভাঙ্গিয়ে দিলে।
বহু নর অত্যাচারী, পাপাচারী ব্যভিচারী
দুর্ব্বৃত্ত পাপিষ্ঠ মদ্যপায়ী।
যদি বল বহু ক্ষেত্রে, দোষ আছে স্ত্রী-চরিত্রে,
স্ত্রী অপেক্ষা পুরুষ তাতে দায়ী।
পুরুষের প্রলোভনে, সরলা কামিনীগণে
নিজ পদে মারেন কুঠার।
পুরুষের পাপকার্য্য, সমাজ করে না গ্রাহ্য
নারীর দোষে ক্ষমা নাই তার
অবলা রমণী যদি, প্রবল দণ্ডের বিধি,
প্রয়োগ কেন বা তার প্রাত ?
রমণী সামান্যা নহে, নীরবে সকল সহে,
যেমন সহেন বসুমতী।

---

## পারিতোষিক বিতরণ

গত ২০শে মে শুক্রবার সকাল ৬-৩০ ঘটিকায় রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ উৎসব অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীগৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয় এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ও পুরস্কার বিতরণ করেন। ছাত্রগণের সঙ্গীত, আবৃত্তি ও নাটিকা অভিনয় বেশ মনোজ্ঞ হইয়াছিল। সভায় বহু গণ্যমান্য ভদ্রমহোদয় ও প্রাক্তন ছাত্রগণ সমবেত হইয়াছিলেন।

---

## ভারতের নৌ-বহরের জন্য আর্টিফিসার অ্যাপ্রেন্টিস নিয়োগ

জেলা প্রচার অফিস হইতে প্রচারিত এক সংবাদে প্রকাশ যে আগামী ২০শে জুন বেলা ৩টার সময় বহরমপুর সারকিট হাউসে ভারতীয় নৌ-বহরের জন্য আর্টিফিসার অ্যাপ্রেন্টিস নিয়োগের জন্য প্রার্থী মনোনীত করা হইবে এবং ২১শে জুন মনোনীত প্রার্থীদের প্রতিযোগিতা মূলক পরীক্ষা গ্রহণ করা হইবে। বিস্তারিত বিবরণ জেলা প্রচার অফিস হইতে জানা যাইবে।

---

## বাংলা ছবির মান সর্বাপেক্ষা উন্নত

গত ১লা মে চলচ্চিত্রের রাষ্ট্রীয় পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তৃতাকালে কেন্দ্রীয় তথ্য ও বেতার মন্ত্রী ডাঃ বি, ভি, কেশকার বাংলা চলচ্চিত্রের ভূয়সী প্রশংসা করিয়া বলেন যে, রাষ্ট্রীয় পুরস্কার প্রবর্তনের পর হইতে বাংলা ছবি যতগুলি পুরস্কার লাভ করিয়াছে তাহা হইতে স্পষ্টই বোঝা যায় যে, বাংলা ছবির মান কত উঁচু। তিনি আশা করেন যে, অন্যান্য ভাষার চিত্রশিল্পও ইহার সহিত প্রতিযোগিতা করিয়া আরও উচ্চ মানের ছবি নির্মাণে উদ্যোগী হইবেন। ডাঃ কেশকার শ্রীসত্যজিৎ রায়কে বিশেষভাবে অভ্যর্থনা জানাইয়া বলেন যে, এইবার লইয়া শ্রী রায় দুইটি স্বর্ণপদক লাভ করিলেন। অতি অল্প সময়ের মধ্যে শ্রী রায় নিজেকে বিশ্বে অন্যতম শ্রেষ্ঠ চলচ্চিত্র প্রযোজক হিসাবে সুপ্রতিষ্ঠিত করিয়াছেন। তথ্য ও বেতার মন্ত্রী মনে করেন যে, চলচ্চিত্রের রাষ্ট্রীয় পুরস্কার প্রবর্তনের ফলে উন্নত শিল্প ও সৌন্দর্য্যবোধের পরিচায়ক চলচ্চিত্র নির্ম্মাণে উৎসাহ যোগাইয়াছে। প্রতি বৎসরই অধিক সংখ্যায় উচ্চ মানের ছবি প্রতিযোগিতায় যোগদান করিতেছে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## Notice

"Sealed Tenders are invited for the following items of work.

Labour contract for the construction of Three Storied buildings at the College sites. Last date for the submission of tender 31. 5. 60. Schedule of work can be seen at the office of the College. Copies of the same can be obtained on payment of Rs. 2/- in cash."

Sd/- J. Dutta
Secretary, Jangipur College.

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই জুন ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৩২ থাং ডিঃ মহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং মাজেদালী মণ্ডল দাবি ৫৭ টাকা ৮৮ নঃ পঃ থানা সুতী মৌজে নারায়ণপুর ১০॥২॥০ জমির কাত ১০॥৵০ আদালতের মূল্য ৩০০৲ রায়ত স্থিতিবান

১৯৬০ সালের ডিক্রীজারী

৭ স্বত্ব ডিঃ মেওয়াজান বিবি দেং ইয়াসীন সেখ দিং দাবি ৪৮ টাকা ৯৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ১০ শতকের কাত ৫৬ পাই আঃ ৩০৲ খং ৩০৩ কোর্ট মূল্য ৪০৲ মায় তদুপরিস্থিত টাটির চালাঘর ১খানা ও কাঁঠাল বৃক্ষ ১টী।

### জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই জুন ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৩১ স্বত্ব ডিঃ শান্তিবালা রায় দেং উমাপদ পাল দাবি ২৪৪ টাকা ১৫ নঃ পঃ থানা ফরক্কা মৌজে মহাদেবনগর ১৪১ শতকের কাত ৩৬ ৺ অংশ নিলাম হইবে আঃ ১৪৫৲ ২নং লাট মৌজাদি ঐ ১১৫ শতকের কাত ৩১ ৺ অংশ নিলাম হইবে আঃ ১০০৲

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন"   টেলিফোন: বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়







### বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

## আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



KA-18



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

—দ্বারা—

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।